- ক) আলোচ্য জমিতে টয়লেটের সুয়্যারেজ লাইন বন্ধ থাকায় বাথরুম ব্যবহার করা যাচ্ছে না বিধায় বিদ্যমান অকেজো সুয়্যারেজ লাইন প্রতিস্থাপন করতে হবে;
- খ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব এর নেতৃত্বে প্রতিনিধিদলের প্রকল্প পরিদর্শনের সুবিধার্থে প্রকল্পস্থলের জমিতে আংশিক মাটি ভরাট ও লেভেলিং করতে হবে;
- গ) প্রস্তাবিত ভবনের ফাউন্ডেশন ডিজাইন ভেটিং সম্পাদনের নিমিত্ত প্রকল্পস্থলের ০৬টি ৬০ মিটার গভীরতায় কনফারমেন্টরী সয়েল টেস্টে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঘ) ভবনের শোর পাইলিং ও ব্রেসিংসহ ফাউন্ডেশন, স্ট্রাকচারাল ও এমইপি ডিজাইন ভেটিং অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদনের জন্য বুয়েটকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। এছাড়া দ্রুততম সময়ে ভেটিংকৃত ডিজাইন গ্রহণের নিমিত্ত প্রকল্পের পক্ষ হতে বুয়েটের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে;
- ঙ) বুয়েটে ডিজাইন ভেটিং চলমান থাকাকালে মূল ভবন নির্মাণের টেন্ডার সিডিউল, স্পেসিফিকেশন ও বিওকিউ খসড়া প্রস্তুত করা যেতে পারে;
- চ) এডিপি ২০১৯-২০ এর বাজেট এবং অনুমোদিত ক্রয় পরিকল্পনা মোতাবেক অফিস আসবাবপত্র, কম্পিউটারসহ অন্যান্য সামগ্রী বিধি মোতাবেক ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে; এবং
- ছ) ডিএসসিসি'র নির্দেশনা মোতাবেক প্লটের গাছপালা কর্তন এবং আবর্জনামুক্ত করতে হবে।

সম্মতিস্বাক্ষর
 শহীদুল ইসলাম
 প্রকল্প পরিচালক
 ডিএসসিসি, প্রধান কার্যালয়, ঢাকা।

Aug 1, 2019


ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট

বিষয়ঃ আইসিবি বগুড়া শাখার সার্বিক কার্যক্রমের উপর পরিদর্শন প্রতিবেদন।

ভূমিকাঃ কর্পোরেশনের বিভিন্ন শাখার অভ্যন্তরীণ পরিচালন পদ্ধতি, শৃংখলা, নিয়মানুবর্তিতা, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা, গ্রাহক সেবার মানোন্নয়ন যথাযথভাবে অর্জিত হচ্ছে কি না তা পর্যবেক্ষনের জন্য নিম্নস্বাক্ষারকারীগণ গত ১৩.১০.২০১৯ ইং তারিখ হতে ১৭.১০.২০১৯ ইং তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিন আইসিবি বগুড়া শাখার ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থবছরের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ/পরিদর্শন করি। এছাড়াও ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট এর সহকারী মহাব্যবস্থাপক পরিদর্শনের শেষ কার্যদিবসে বগুড়া শাখায় অবস্থান করে পরিদর্শন দল কর্তৃক উত্থাপিত অনিয়ম/ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে শাখা প্রধানসহ কর্মকর্তাদের সাথে আলোচনা এবং ভবিষ্যতে একই ধরনের ত্রুটি-বিচ্যুতির পুনরাবৃত্তি যাতে না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা/পরামর্শ প্রদান করে পরিদর্শনের কাজ সমাপ্ত করেন।

০২। **পর্যবেক্ষণের বিষয়বস্তুঃ** কর্পোরেশনের বগুড়া শাখার দৈনন্দিন কার্যাবলী (বিশেষ করে কর্ম পরিবেশ, শাখার উপর অর্পিত দায়িত্ব পরিপালন, পূর্ববর্তী বছরে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিদর্শন প্রতিবেদনে উদঘাটিত অনিয়ম ও ত্রুটি বিচ্যুতি নিরসনে গৃহীত ব্যবস্থা, কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতি, নৈমিত্তিক ছুটির হিসাব, মুভমেন্ট রেজিস্টার, অফিস আদেশ, প্রশাসনিক পরিপত্র, প্রজ্ঞাপণ, সার্কুলার ইত্যাদি সংরক্ষণ পদ্ধতি, বিনিয়োগ হিসাবসমূহে মার্জিন ঋণ প্রদানের হার এবং মার্জিন ঋণ আদায়ে গৃহীত ব্যবস্থা ও আদায়ের হার, ইউনিট লিয়েন এর বিপরীতে অগ্রিম ও আদায়ে গৃহীত ব্যবস্থা, ভোগ্যপণ্য ঋণ আদায়ে গৃহীত ব্যবস্থা, পেটিক্যাশ সংরক্ষণ পদ্ধতি, প্রতিদিনের ডাটা ব্যাক-আপ গ্রহণ ও সংরক্ষণ, প্রতিদিনের আর্থিক লেনদেন, যাবতীয় ক্রয়/বিক্রয়ের পোস্টিং নিশ্চিত করণ, টিডিআর, এফডিআর, স্ট্যাম্প মজুদ, শেয়ার সার্টিফিকেট ও অন্যান্য মূল্যবান দলিলাদি সংরক্ষণ পদ্ধতি, রিস্ক রেজিস্টার, সম্পদ ও চাবির রেজিস্টার, শাখার নিরাপত্তা ব্যবস্থা, অগ্নি নির্বাপক ব্যবস্থা ও জরুরী নির্গমন পথের ব্যবস্থা এবং স্থানীয় যাতায়াত, ওভার টাইম, কাস্টমার সাপোর্ট সার্ভিস, ভ্রমণ ভাতা বিল ও অন্যান্য বিল পরিশোধ পদ্ধতি পর্যবেক্ষণ করা হয়েছে।

৩। শাখার বর্তমান অবস্থাঃ

৩.১) শাখা ভবনের অবস্থানঃ

আইসিবি, বগুড়া শাখা, বগুড়া পৌর এলাকায় বড়গোলা, রাজা বাজার সড়কে আফসার আলী কমপ্লেক্স ভবনের ৫ম তলায় অবস্থিত। পর্যবেক্ষণকালে ভবনের বাহিরে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, বগুড়া শাখা কার্যালয়ের একটি সাইন বোর্ড ঝুলানো অবস্থায় দেখা যায়। অফিসের প্রবেশদ্বার কলাপ্সিবল গেট দ্বারা সুরক্ষিত। শাখার নথিপত্র থেকে জানা যায় যে, শাখার আয়তন প্রায় ৩০০০.০০ বর্গফুট এবং ভবন মালিকের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী ভাড়াচুক্তির মেয়াদ শেষ হবে ৩০/০৬/২০২০ তারিখ। অফিসের অভ্যন্তরে উপ-মহাব্যবস্থাপকের জন্য এবং সহকারী মহাব্যবস্থাপকের জন্য আলাদা ফুল হাইট চেম্বার রয়েছে। অফিসে সুবিন্যস্ত আকারে কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য বসার ব্যবস্থা রয়েছে। পৃথক পৃথক চেয়ার-টেবিলগুলো রক্ষণাবেক্ষণ সন্তোষজনক। শাখায় স্টোর রুম কাম ভল্ট রয়েছে যেখানে শাখার পুরাতন নথিপত্র সারিবদ্ধভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। এছাড়া ক্যাশিয়ারের জন্য একটি সুসজ্জিত ক্যাশ কাউন্টার রয়েছে। শাখায় ১টি জেনারেটর রুম এবং অফিস চত্বরের পূর্ব পাশে প্রসাধন কক্ষ রয়েছে যা বিনিয়োগকারী ও অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ ব্যবহার করেন। অফিসের ভিতরে প্রবেশদ্বারে হেল্প ডেস্ক ও সম্মানিত গ্রাহকগণের জ্ঞাতার্থে উল্লেখযোগ্য তথ্যাবলি সম্বলিত একটি সিটিজেন চার্টার টানানো আছে। ভবনের ৪র্থ তলাতে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ এর কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ভবনের পাশের রাস্তা দিয়ে ভারী যানবাহন যেমন পণ্যবাহী ট্রাক ও লরি চলাচলের সময়ে মাঝে মাঝে ভবনে কিছুটা ঝাঁকুনি/কম্পন অনুভূত হয় বলে শাখা প্রধান পরিদর্শন দলকে অবহিত করেন। ভবনের সিঁড়ি দিয়ে অর্ধেক ফ্লোর উঠার পরে লিফট এর ব্যবস্থা রয়েছে; কিন্তু কোন অপারেটর নেই। বিদ্যুৎবিহীন/লোডশেডিংকালীন সময়ে সার্বক্ষণিক জেনারেটর চালু থাকে না। উক্ত ভবনের নীচে কোন গাড়ি পার্কিং ও জরুরী নির্গমনের বিকল্প ব্যবস্থা নেই। ভবনে আইসিবি ও আইসিএমএল এবং আইএসটিসিএল এর যে পরিমানের বৈদ্যুতিক লোড প্রয়োজন, ভবন কর্তৃপক্ষ তা সরবরাহের ব্যবস্থা করতে পারছে না এবং উক্ত ভবনে পানি সরবরাহের ক্ষেত্রে মাঝে মাঝে বিঘ্ন ঘটে থাকে।

সত্যায়িত

০৫/১০/২০২০
শহিদুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



বিষয়ে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে আইসিবি প্রধান কার্যালয়ের Anti Money Laundering and Combating Financing of Terrorism Compliance Unit বরাবর শাখা কর্তৃক নির্ধারিত ছক পূরণপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়।

১৩। কোম্পানির আইটি সংক্রান্ত নিরাপত্তা ব্যবস্থার বিবরণঃ

১৩.১। সার্ভার এর অবস্থাঃ আইসিবি বগুড়া শাখায় আলাদাভাবে সার্ভার সংরক্ষণের ব্যবস্থা করা আছে।

১৩.২। Data Backup ব্যবস্থাঃ Database এর Backup প্রতি কার্যদিবস শেষে external storage নিয়ে fireproof locker (মডেল - AIKO-DS-SM-0004) এ সংরক্ষণ করা হয়। এছাড়া একটি কপি Portable Harddrive এবং একটি কপি Pendrive এ দায়িত্বপ্রাপ্ত দুজন কর্মকর্তা তাদের কাছে সংরক্ষণ করেন। প্রতিমাস শেষে Database Backup এর একটি কপি প্রধান কার্যালয়ের প্রোগ্রামিং ডিপার্টমেন্ট -এ পাঠানো হয়। Database Backup গ্রহণ ও সংরক্ষণের ক্ষেত্রে কোন রেজিস্টার (Backup Log Book) পাওয়া যায়নি।

১৪। সুপারিশমালাঃ

- (০১) শাখায় অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শূন্য পদগুলো পূরণের জন্য অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন কে অনুরোধ করা যেতে পারে;
- (০২) হাজিরা খাতা পরিচ্ছন্ন রাখা, বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীদের CL, EL সংক্রান্ত অনুমোদন নিয়মিতকরণ পূর্বক ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট কে জানানোর জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৩) অফিস সহায়ক জনাব মোঃ মতিয়ার রহমান সরকার বগুড়া শাখায় কর্মরত থাকাকালে ২০১৭ পঞ্জিকা বৎসরে অননুমোদিতভাবে ৭৬ দিন ছুটি ভোগের বিষয়ে অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;
- (০৪) মুভমেন্ট রেজিস্টার প্রতিপালনের ক্ষেত্রে অফিস থেকে বহির্গমন সময়, উদ্দেশ্য, গন্তব্যস্থল ও অফিসে প্রত্যাবর্তনের সময় উল্লেখ করে স্বাক্ষর করার বিষয় পরিপালনের জন্য শাখাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৫) তুলনামূলকভাবে কম সুদে অধিক পরিমাণ টিডিআর সংগ্রহের ক্ষেত্রে আরো যত্নশীল ও আন্তরিক হওয়ার জন্য শাখাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৬) শাখা কর্তৃক পোর্টফোলিওতে বিনিয়োগের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের সাথে সময়ে সময়ে আলোচনা করে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় করার জন্য পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (০৭) বিনিয়োগ হিসাব নীতিমালা অনুযায়ী একজন বিনিয়োগকারী/ব্যক্তি সর্বাধিক ০৫টি বিনিয়োগ হিসাব পরিচালনা করতে পারবেন। একজন পরিচালনাকারী কর্তৃক পরিচালিত বিনিয়োগ হিসাবের সংখ্যা ৫টির মধ্যে নিয়ে আসার জন্য শাখাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৮) বন্ধ বিনিয়োগ হিসাব এবং সম্পদবিহীন বিনিয়োগ হিসাবের ডেবিট ব্যালেন্স সমন্বয়ের যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপনাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৯) শাখার বিনিয়োগকারীদের আয়কর সনদপত্র প্রদানের ক্ষেত্রে বিনিয়োগকৃত বিভিন্ন ফান্ডের ক্রয়মূল্য ও বাজার মূল্যের তথ্য যেন সঠিক থাকে সেদিকে লক্ষ্য রেখে শাখাকে সকল তথ্য সঠিক ও হালনাগাদ রাখার নির্দেশনা প্রদান করা যেতে পারে;

সত্যায়িত
০২/০২/২০১৬
শহিদুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।


11



- (১০) বাতিল ইউনিট সার্টিফিকেটসমূহ পৃথকভাবে সংরক্ষণ এবং ইউনিট পুনঃক্রয়/স্যারেন্ডার ফরম এর পিছনের পৃষ্ঠায় চেক নং ও তারিখ, টাকার পরিমাণ ও ইউনিট সংখ্যা উল্লেখ করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১১) ইউনিট বিক্রয় ও হস্তান্তরের সময়ে হিসাবধারকের KYC, জাতীয় পরিচয়পত্র ও নমিনির ছবি সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১২) বগুড়া শাখা ভবনটি পুরাতন এবং উক্ত ভবনের সাথে আইসিবি'র ভাড়াচুক্তির মেয়াদ আগামী বছর শেষ হবে বিধায় বগুড়া শাখা অন্যত্র স্থানান্তরের বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে।
- (১৩) ভোগ্যপণ্য ঋণ আদায়ের ক্ষেত্রে জরুরী ভিত্তিতে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।
- (১৪) Database Backup গ্রহণ ও সংরক্ষণের জন্য একটি পৃথক রেজিস্টার খোলা যেতে পারে।



(বেলাল হোসেন)
অফিসার
ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট



(সোহেল আহমেদ)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট



(মোঃ মাহবুব আলম)
সহকারী মহাব্যবস্থাপক
ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট

সত্যায়িত
০৮/০৯/২০২০
শহিদুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
ইলেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট

বিষয়ঃ আইসিবি, চট্টগ্রাম শাখার সার্বিক কার্যক্রমের উপর পরিদর্শন প্রতিবেদন।

ভূমিকাঃ কর্পোরেশনের বিভিন্ন শাখার অভ্যন্তরীণ পরিচালন পদ্ধতি, শৃংখলা, নিয়মানুবর্তিতার মাধ্যমে ব্যবসায়িক সফলতা আনয়ন, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, গ্রাহক সেবার মানোন্নয়ন যথাযথভাবে অর্জিত হচ্ছে কি না তা পর্যবেক্ষনের জন্য নিম্নস্বাক্ষারকারীগণ ০৩.১১.২০১৯ তারিখ হতে ০৭.১১.২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিন আইসিবি চট্টগ্রাম শাখার ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থবছরের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ/পরিদর্শন করি। এছাড়াও ইলেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট এর সহকারী মহাব্যবস্থাপক পরিদর্শনের শেষ কার্য দিবসে চট্টগ্রাম শাখায় অবস্থান করে পর্যবেক্ষণদল কর্তৃক উত্থাপিত অনিয়ম/ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে শাখা ব্যবস্থাপকসহ অন্যান্য কর্মকর্তাদের সাথে আলোচনা এবং ভবিষ্যতে একই ধরনের ত্রুটি-বিচ্যুতির পুনরাবৃত্তি যাতে না ঘটে সে বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা/পরামর্শ প্রদান করে পরিদর্শনের কাজ সমাপ্ত করেন।

০২। **পর্যবেক্ষণের বিষয়বস্তুঃ** কর্পোরেশনের চট্টগ্রাম শাখার দৈনন্দিন কার্যাবলী (বিশেষ করে কর্ম পরিবেশ, শাখার উপর অর্পিত দায়িত্ব, কার্যক্রমে কোন গ্যাপ পরিলক্ষিত হচ্ছে কি না, পূর্ববর্তী বছরে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিদর্শনে উদঘাটিত অনিয়ম ও ত্রুটি বিচ্যুতি নিরসনে গৃহীত ব্যবস্থাদি, কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতি, নৈমিত্তিক ছুটির হিসাব, মুডমেন্ট রেজিস্টার, অফিস আদেশ, প্রশাসনিক পরিপত্র, প্রজ্ঞাপন, সার্কুলার ইত্যাদি সংরক্ষণ পদ্ধতি, বিনিয়োগ হিসাবসমূহে মার্জিন ঋণ বিতরণের হার এবং মার্জিন ঋণ আদায়ে গৃহীত ব্যবস্থাদি ও আদায়ের হার, ইউনিট লিয়েন এর বিপরীতে অগ্রিম ও আদায়ে গৃহীত ব্যবস্থাদি, ভোগ্যপণ্য ঋণ আদায়ে গৃহীত ব্যবস্থাদি, পেটিক্যাশ সংরক্ষণ পদ্ধতি, প্রতিদিনের ডাটা ব্যাক-আপ গ্রহণ ও সংরক্ষণ, প্রতিদিনের আর্থিক লেনদেন, যাবতীয় ক্রয়/বিক্রয়ের পোস্টিং নিশ্চিত করণ, টিডিআর, এফডিআর, স্ট্যাম্প মজুদ, শেয়ার সার্টিফিকেট ও অন্যান্য মূল্যবান দলিলাদি সংরক্ষণ, শাখার পোর্টফোলিওতে ক্রয়/বিক্রয়, ঝুঁকি, সম্পদ ও চাবির রেজিস্টার, শাখার নিরাপত্তা ব্যবস্থা, অগ্নি নির্বাপন ব্যবস্থা ও জরুরী নির্গমন পথের ব্যবস্থা এবং স্থানীয় যাতায়াত, ওভার টাইম, কাস্টমার সাপোর্ট সার্ভিস, ড্রম ভাতা বিল ও অন্যান্য পর্যবেক্ষণ করা হয়েছে।

৩। **শাখার বর্তমান অবস্থাঃ**

৩.১) **শাখা ভবনের অবস্থানঃ**

আইসিবি, চট্টগ্রাম শাখা, আগ্রাবাদ এলাকায় শেখ মুজিব রোডে, আইয়ুব ট্রেড সেন্টারের লেভেল ১০ এ অবস্থিত। পর্যবেক্ষণকালে ভবনের বাহিরে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, চট্টগ্রাম শাখা কার্যালয়ের একটি সাইন বোর্ড দেখা যায়। অফিসের প্রবেশদ্বার কলাপ্সিবল গেট দ্বারা সুরক্ষিত। শাখার নথিপত্র থেকে জানা যায় যে, শাখার আয়তন প্রায় ২৯৭৮ বর্গফুট এবং ভবন মালিকের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী ডাড়াচুক্তির মেয়াদ শেষ হবে নভেম্বর, ২০২১ তারিখ। অফিসের অভ্যন্তরে উপ-মহাব্যবস্থাপক/শাখা প্রধানের জন্য ফুল হাইট চেম্বার এবং দুইজন সহকারী মহাব্যবস্থাপকের জন্য আলাদা হাফ-হাইট চেম্বার রয়েছে। অফিসে সুবিন্যস্ত আকারে কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য বসার ব্যবস্থা রয়েছে। চেয়ার-টেবিলগুলো রক্ষণাবেক্ষণ সন্তোষজনক। শাখায় একটি স্টোর রুম রয়েছে যেখানে পুরাতন নথিপত্র এবং অকেজো আসবাবপত্র রাখা হয়েছে। পাশাপাশি দুইটি ভল্টরুম রয়েছে যেখানে শাখার গুরুত্বপূর্ণ নথিপত্র সারিবদ্ধভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। এছাড়া ক্যাশিয়ারের জন্য একটি ক্যাশ কাউন্টার রয়েছে। শাখায় ১টি জেনারেটর রুম এবং অফিস চক্রের মধ্যেই উত্তর ও দক্ষিণ পার্শ্বে আলাদা আলাদা প্রসাধন কক্ষ রয়েছে যা বিনিয়োগকারী ও অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ ব্যবহার করেন। অফিসের ভিতরে প্রবেশদ্বারে হেল্প ডেস্ক ও সম্মানিত গ্রাহকগণের জাতার্থে উল্লেখযোগ্য তথ্যাবলি সম্বলিত একটি সিটিজেন চার্টার প্রবেশ পথের বরাবর একটি পিলারের সাথে টানানো আছে। ভবনের একই তলাতে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ এর কার্যক্রম পরিচালিত হচ্ছে।

সত্যায়িত

০৩/১১/২০২০
সহকারী মহাব্যবস্থাপক
ইলেকশন এন্ড কমপ্লাইন্স
ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা।

হস্তান্তর স্বাক্ষর প্রদান করার পরে তা সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট মার্ক করা হয় না এবং হস্তান্তর করা হলো কি না সে বিষয়ে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় না। একটি ক্ষেত্রে হস্তান্তরিত সার্টিফিকেট নথিতে পাওয়া গেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন যে, গ্রাহক সার্টিফিকেট নিতে আসেননি বলে নথিতে রেখে দেওয়া হয়েছে। প্রথমত নথিতে সার্টিফিকেট রাখা নিরাপদ নয়, দ্বিতীয়ত নথিতে রেখে দিতে হলে সেক্ষেত্রে 'গ্রাহক দীর্ঘদিন যাবত আসছেন না বলে হস্তান্তরিত সার্টিফিকেটগুলো নথিতে রাখা হলো' লিখে রাখলে ভালো হতো।

ঘ) আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ এ মাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণঃ শাখা কর্তৃক মাসিক ভিত্তিতে আইসিবি এএমসিএল ইউনিট, বাংলাদেশ ফান্ডের ইউনিট, ১ম আইসিবি ইউনিট ফান্ডসহ অন্যান্য ইউনিট সার্টিফিকেট বিক্রয়, পুনঃক্রয় এবং হস্তান্তর বিবরণী আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ এ প্রেরণ করা হয়।

১০। ইউনিট সার্টিফিকেট লিয়েন এর বিবরণীঃ শাখা কর্তৃক ইউনিট লিয়েন খাতে ০৩.১১.২০১৯ তারিখে ৩৪ টি হিসাবে বকেয়া স্থিতির পরিমাণ ছিল মোট ১.৫৭ কোটি টাকা। বকেয়া মেয়াদোত্তীর্ণ হওয়ার সাথে সাথে বকেয়া আদায়ের জন্য শাখা কর্তৃক গ্রাহক গণের সাথে যোগাযোগ করা হয়। উদাহরণস্বরূপ-পরিদর্শনকালীন সময়ের মধ্যেই দুইজন গ্রাহককে বকেয়া অর্থ পরিশোধের জন্য শাখা থেকে পত্র প্রেরণ করা হয়। পর্যবেক্ষণকালে দেখা যায় যে, যে সকল ইউনিটের বিপরীতে ঋণ নেয়া হয় সে সকল ইউনিট শাখায় জমা রেখে গ্রাহকগণ ঋণ নিয়ে থাকেন। ইউনিট লিয়েন খাতে ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধির জন্য শাখাকে পরামর্শ দেয়া যেতে পারে।

১১। Anti Money Laundering এর প্রজ্ঞাপনের আলোকে শাখা কর্তৃক গৃহীত ব্যবস্থাদির বিবরণঃ কর্পোরেশনের প্রধান কার্যালয়ের এএমএল/সিএফটি কমপ্লায়েন্স ইউনিট এর পত্রের প্রেক্ষিতে শাখায় মানি লন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নিশ্চিতকরণের লক্ষ্যে শাখার উপ-মহাব্যবসহাপক/শাখা প্রধান এর নেতৃত্বে একটি এন্টি মানি লন্ডারিং কমিটি গঠন করা হয়েছে। Anti Money Laundering এর বিষয়ে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে আইসিবি প্রধান কার্যালয়ের Anti Money Laundering and Combating Financing of Terrorism Compliance Unit বরাবর শাখা কর্তৃক নির্ধারিত ছক পূরণপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়।

পরিদর্শনকালে দেখা যায় যে, সকল বিনিয়োগ হিসাবসমূহের KYC আপডেট করা হয়নি। শাখা কর্তৃক মোট ১৪২৬ টি বিনিয়োগ হিসাবের KYC আপডেট করা হয়েছে যার মধ্যে ১৩২০ টি বিনিয়োগ হিসাব চালু রয়েছে। শাখায় বর্তমানে চলমান (৫৮২৯-১৩২০) = ৪৫০৯ টি বিনিয়োগ হিসাবসমূহের KYC আপডেট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য শাখাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

১২। কোম্পানির আইটি সংক্রান্ত নিরাপত্তা ব্যবস্থার বিবরণঃ

১২.১। সার্ভার এর অবস্থাঃ আইসিবি চট্টগ্রাম শাখায় আলাদাভাবে সার্ভার সংরক্ষণের ব্যবস্থা করা আছে।

১২.২। DataBackup ব্যবস্থাঃ Database এর Backup প্রতি কার্যদিবস শেষে external storage নিয়ে fireproof locker (মডেল - AIKO-DS-SM-0004) এ সংরক্ষণ করা হয়। এছাড়া একটি কপি Portable Harddrive এবং একটি কপি Pendrive এ দায়িত্বপ্রাপ্ত দুজন কর্মকর্তা তাদের কাছে সংরক্ষণ করেন। প্রতিমাস শেষে Database Backup এর একটি কপি প্রধান কার্যালয়ের প্রোগ্রামিং ডিপার্টমেন্ট -এ পাঠানো হয়। Database Backup গ্রহণ ও সংরক্ষণের ক্ষেত্রে কোন রেজিস্টার (Backup Log Book) পাওয়া যায়নি।

১৩। সুপারিশমালাঃ

- (০১) শাখার সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে সার্বক্ষণিক অফিস আইডি কার্ড ব্যবহারের জন্য শাখা ব্যবস্থাপনাকে নির্দেশনা দেয়া যেতে পারে;
- (০২) শাখায় অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শূণ্য পদগুলো পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন কে পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (০৩) শাখায় ০৩ (তিন) বছরের অধিক সময় যাবত কর্মরত কর্মচারীদেরকে বিধি মোতাবেক বদলীর জন্য প্রশাসন ডিভিশনকে অনুরোধ করা যেতে পারে;
- (০৪) হাজিরা খাতা ও নৈমিত্তিক ছুটি রেজিস্টার পরিচ্ছন্ন রাখা এবং অফিস আদেশ ১০৪/২০১৭ সঠিকভাবে পরিপালন করার জন্য শাখা ব্যবস্থাপনাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;

সত্যায়িত

শহিদুল ইসলাম

প্রিন্সিপাল অফিসার

আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

- (০৫) বিনিয়োগ হিসাব নীতিমালা অনুযায়ী একজন বিনিয়োগকারী/ব্যক্তি সর্বাধিক ০৫টি বিনিয়োগ হিসাব পরিচালনা করতে পারবেন। একজন পরিচালনাকারী কর্তৃক পরিচালিত বিনিয়োগ হিসাবের সংখ্যা ৫টির মধ্যে নিয়ে আসার জন্য শাখাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৬) বন্ধ বিনিয়োগ হিসাব এবং সম্পদবিহীন বিনিয়োগ হিসাবের ডেবিট ব্যালেন্স সমন্বয়ের যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপনাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৭) বন্ধ বিনিয়োগ হিসাবসমূহে ক্রেডিট স্থিতি রয়েছে এমন হিসাবসমূহের বিনিয়োগকারীদেরকে তাদের পাওনা ফেরত প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপনাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৮) মার্জিন ঋণ আদায়ের লক্ষ্যে চট্টগ্রাম শাখার পক্ষ হতে বিনিয়োগকারীগণের সহিত আরো নিবিড় যোগাযোগ বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপনাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (০৯) বিনিয়োগ হিসাবে মার্জিন ঋণ বিতরণের ক্ষেত্রে তহবিল জমার বিপরীতে মার্জিন ঋণের নির্ধারিত অনুপাত ও পারচেজ পাওয়ার লিমিট অতিক্রম না করার বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ও শাখা ব্যবস্থাপক কর্তৃক কঠোর নজরদারী বজায় রাখার জন্য নির্দেশনা দেয়া যেতে পারে;
- (১০) শাখায় পরিচালিত কতিপয় বিনিয়োগ হিসাবে অনুমোদিত ২০,০০,০০০.০০ টাকার উর্কে মার্জিন ঋণ এবং কতিপয় বিনিয়োগ হিসাবে বিনিয়োগকারীর নিজস্ব ডিপোজিট এর চেয়ে অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করা হয়েছে {অনুচ্ছেদ ০৭ (ড)}। এ সকল বিনিয়োগ হিসাবসমূহে ঋণ আদায়ের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য শাখাকে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১১) শাখার বিনিয়োগকারীদের আয়কর সনদপত্র প্রদানের ক্ষেত্রে বিনিয়োগকৃত বিভিন্ন ফান্ডের ক্রয়মূল্য ও বাজার মূল্যের তথ্য যেন সঠিক থাকে সেদিকে লক্ষ্য রাখার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১২) শাখায় বর্তমানে ৪৫০৯ টি বিনিয়োগ হিসাব চালু রয়েছে। উক্ত বিনিয়োগ হিসাবসমূহের KYC আপডেট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১৩) বাতিল ইউনিট সার্টিফিকেটসমূহ পৃথকভাবে সংরক্ষণ এবং কাজে সুস্পষ্টতা বজায় রাখার নিমিত্ত ইউনিট পুনঃক্রয়/স্যারেন্ডার ফরম এর পিছনের পৃষ্ঠায় চেক নং, তারিখ, টাকার পরিমাণ ও ইউনিট সংখ্যা উল্লেখ করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১৪) ইউনিট বিক্রয় ও হস্তান্তরের সময়ে হিসাব ধারকের KYC, জাতীয় পরিচয়পত্র ও নমিনির ছবি সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১৫) আইসিবি'র সকল ডিপার্টমেন্ট, ডিভিশন ও শাখা সমূহের জন্য তৈরী করা একই ফরম্যাটের মুভমেন্ট রেজিষ্টার পরিপালন করার জন্য শাখা কার্যালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১৬) সকল ধরনের অফিস আদেশ, প্রজ্ঞাপন, প্রশাসনিক পরিপত্র ও সার্কুলারের বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগতি নিশ্চিতকল্পে সকলের অবগতিসূচক স্বাক্ষর প্রদানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য শাখা ব্যবস্থাপক কে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১৭) সকল ধরনের বিল, নোট, নথি নিরীক্ষাকালে নিরীক্ষা কর্মকর্তার নামীয় সীল ব্যবহার নিশ্চিতকল্পে শাখা ব্যবস্থাপক কে নির্দেশনা প্রদান করা যেতে পারে;


সত্যায়িত
 ১০/০৩/২০২০
 শহিদুল ইসলাম
 জিপিএল অফিসার
 আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

- (১৮) কর্পোরেশনের Cost Control এর বিষয়টি বিবেচনায় নিয়ে শাখার স্টেশনারী সামগ্রী ক্রয় ও বিতরণের ক্ষেত্রে আবশ্যিকভাবে স্টক রেজিস্টার পরিপালনের জন্য শাখা ব্যবস্থাপক কে নির্দেশনা প্রদান করা যেতে পারে;
- (১৯) বিনিয়োগ হিসাবধারী জনাব খালেদা খানম এর শেয়ার বিক্রয়/ইউনিট হস্তান্তর আইসিবি'র তালিকাভুক্ত আইনজীবী জনাব মির্জা কামরুল হাসানের মতামতের আলোকে সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা যেতে পারে;
- (২০) Database Backup গ্রহণ ও সংরক্ষণের জন্য একটি পৃথক রেজিস্টার খোলার জন্য শাখা কার্যালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।




(বেলাল হোসেন)
অফিসার

ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট




(মোঃ সোহাগ মিয়া)
প্রিন্সিপাল অফিসার

ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট



(সোহেল আহমেদ)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট



(মোঃ মাহবুব আলম)
সহকারী মহাব্যবস্থাপক

ইন্সপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট

সত্যায়িত
০২/০২/২০১০
শহিদুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি-১০



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ

INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এডিনিউ (লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স : ৯৫৬৩৪৫৫ (অটো হাউন্টিং), ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.২৫.০০২.১৮-১২৪৭

তারিখ: ২৫ আশ্বিন, ১৪২৬
১০ অক্টোবর, ২০১৯

মিসেস মায়িশা আবাসুন্ম
পরিচালক
যোগ ফাউন্ডেশন বাংলাদেশ
১/১ পাইওনিয়ার রোড (ওয়াইএমসিএ ভবন)
সেগুনবাগিচা, কাকরাইল
ঢাকা-১০০০।

বিষয়: “কোয়ান্টাম মেথড মেডিটেশন কোর্স (ব্যাচ-৪৬৩)” এ মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ২২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের যোগ/কেন্দ্র/৩৭/১৯ নম্বরযুক্ত পত্র উল্লেখ্য।

০২। আলোচ্য পত্রের প্রেক্ষিতে ১১-১৪ অক্টোবর, ২০১৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিনব্যাপী অনুষ্ঠিতব্য “কোয়ান্টাম মেথড মেডিটেশন কোর্স (ব্যাচ-৪৬৩)” এ অংশগ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্পোরেশনের নিয়োক্ত কর্মচারীগণ-কে মনোনয়ন প্রদান করা হয়েছেঃ

ক্রম.	নাম	আইডি নং	পদবি	রেজিস্ট্রেশন নম্বর	তারিখ ও সময়
০১।	মিসেস নুরজাহান বেগম	১৯৮৯০০১৫	সহকারী মহাব্যবস্থাপক	--	১১-১৪ অক্টোবর, ২০১৯
০২।	মিসেস নুরজাহান বেগম	১৯৮৯০০৩৮	সিনিয়র প্রিন্সিপাল অফিসার	এফ-৪৭১/৪৫৮	সকাল ৯:০০-৭:০০ ঘটিকা পর্যন্ত
০৩।	মিজ নূরে তাছমিন	২০১৫০০৮৮	সিনিয়র অফিসার	--	
০৪।	জনাব মো. হেলাল উদ্দিন খান	২০০৪০০১৬	সিনিয়র অফিসার	--	
০৫।	মোছা. নাগিস আক্তার	২০০৮০০২৬	অফিসার	--	

০২। আপনাদের পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(রুখসানা ইয়াসমিন)

সহকারী মহাব্যবস্থাপক

ধন্যবাদান্তে: (মনোনীত কর্মচারীগণ-কে উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য ১১ অক্টোবর, ২০১৯ তারিখ সকাল ৮:১৫ ঘটিকার মধ্যে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি), কাকরাইল, ঢাকা-এ রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)।

০১। মিসেস/মিজ/জনাব/মোছা.

০২। উপ-মহাব্যবস্থাপক, সাবসিডিয়ারি অ্যাফেয়ার্স ডিভিশন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। সহকারী মহাব্যবস্থাপক, প্রাইনিং এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সহকারী মহাব্যবস্থাপক, ফান্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সহকারী মহাব্যবস্থাপক, ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট ও মিউচুয়াল ফান্ডস ডিপার্টমেন্ট (যৌথ দায়িত্ব), আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। অফিস কপি।

২০.১০.১৯

সহকারী মহাব্যবস্থাপক

সত্যায়িত

০৫/১০/২০১৯

শহিদুল ইসলাম

প্রিন্সিপাল অফিসার

আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ

INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এভিনিউ (লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স : ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agni.com

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.২৫.০০১.১৮-১২৬-৬

তারিখ: ০৮ কার্তিক, ১৪২৬
২৪ অক্টোবর, ২০১৯

মিসেস মায়িশা তাবাসুম
পরিচালক
যোগ ফাউন্ডেশন বাংলাদেশ
সেগুনবাগিচা, কাকরাইল
ঢাকা-১০০০।

বিষয়: “কোয়ান্টাম মেথড মেডিটেশন কোর্স (ব্যাচ-৪৬৪)” এ মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ১৫ অক্টোবর, ২০১৯ তারিখের যোগ/কেন্দ্র/৪৩/১৯ নম্বরযুক্ত পত্র উল্লেখ্য।

০২। আলোচ্য পত্রের প্রেক্ষিতে ১৫-১৮ নভেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিনব্যাপী অনুষ্ঠিতব্য “কোয়ান্টাম মেথড মেডিটেশন কোর্স (ব্যাচ-৪৬৪)” এ অংশগ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্পোরেশনের নিয়োক্ত কর্মচারীগণ-কে মনোনয়ন প্রদান করা হয়েছেঃ

ক্রম.	নাম	আইডি নং	পদবি	তারিখ ও সময়
০১।	জনাব মো. সেলিম রেজা	২০১৩০০৪৪	সুপারভাইজার	১৫-১৮ নভেম্বর, ২০১৯
০২।	জনাব মো. সুমন মাতুব্বর	২০১৩০০২৫	রিসিপশনিষ্ট	সকাল ৯:০০-৭:০০ ঘটিকা পর্যন্ত
০৩।	জনাব মো. আনোয়ার হোসেন	২০১৪০০১৬	টেলিফোন অপারেটর	
০৪।	জনাব মো. ওয়াসীম আকরাম	২০১৪০০২৩	অফিস সহায়ক	
০৫।	জনাব মনিরুজ্জামান	২০১৭০০১১	অফিস সহায়ক	

০৩। উপরিউক্ত কোর্সে অংশগ্রহণের নিমিত্ত উল্লিখিত কর্মচারীগণের অংশগ্রহণ ফি বাবদ অনুমোদিত ৪৭,৫০০.০০ টাকা হতে ১০ শতাংশ হারে উৎসে কর বাবদ ৪,৭৫০.০০ টাকা ও রেভিনিউ স্ট্যাম্প বাবদ ১০.০০ টাকা কর্তনপূর্বক অবশিষ্ট ৪২,৭৪০.০০ (বিয়াল্লিশ হাজার সাতশত চল্লিশ) টাকার ০১টি ক্রসড চেক (চেক নং-সিএকে-৩২৬১৬৩৭, তারিখ: ২৪.১০.২০১৯) Yoga Foundation এর অনুকূলে আইএফআইসি ব্যাংক লি. মতিঝিল শাখার উপর ইস্যুকৃত এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

০৪। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-

(রুমসানা ইয়াসমিন)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি: (মনোনীত কর্মচারীগণ-কে উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য ১৫ নভেম্বর, ২০১৯ তারিখ সকাল ৮:১৫ ঘটিকার মধ্যে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি), কাকরাইল, ঢাকা-এ রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)।

০১। জনাব

০২। উপ-মহাব্যবস্থাপক, ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। সহকারী মহাব্যবস্থাপক, ইইএফ অডিট এন্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সহকারী মহাব্যবস্থাপক, ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। সহকারী মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এন্ড কমন্স সার্ভিস ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। সহকারী মহাব্যবস্থাপক, প্রস্তাবিত আইসিবি ভবন নির্মাণ প্রকল্প, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। অফিস কপি।

২৪-১০-১৯
সহকারী মহাব্যবস্থাপক

সত্যায়িত
০৮/১০/২০১৯
সহকারী মহাব্যবস্থাপক
ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন
ডিভিশন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এভিনিউ (লেভেল ১৪-২১), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স : ৯৫৬৩৪৫৫ (অটো হান্টিং), ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৩৩১৩
৪, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX : 9563455 (AUTO HUNTING), FAX : 88-02-9563313, E-mail : icb@agnf.com

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.২৫.০০১.১৯.১৪৮৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪২৬
১২ ডিসেম্বর ২০১৯

মিসেস মায়িশা আবাসুন্ম
পরিচালক
যোগ ফাউন্ডেশন বাংলাদেশ
সেগুনবাগিচা, কাকরাইল
ঢাকা-১০০০।

বিষয়: “কোয়ালিটি মেথড মেডিটেশন কোর্স (ব্যাচ-৪৬৫)” এ মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ২৪ নভেম্বর, ২০১৯ তারিখের যোগ/কেন্দ্র/৫২/১৯ নম্বরযুক্ত পত্র উল্লেখ্য।

০২। আলোচ্য পত্রের প্রেক্ষিতে ১৩-১৬ ডিসেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিনব্যাপী অনুষ্ঠিতব্য “কোয়ালিটি মেথড মেডিটেশন কোর্স (ব্যাচ-৪৬৫)” এ অংশগ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্পোরেশনের নিম্নোক্ত কর্মচারীগণকে মনোনয়ন প্রদান করা হয়েছেঃ

ক্রম.	নাম	আইডি-নং	পদবি	তারিখ ও সময়
০১।	জনাব অচ্যুতানন্দ দে	২০১১০০০৮	প্রিন্সিপাল অফিসার	১৩-১৬ ডিসেম্বর, ২০১৯ সকাল: ৯:০০-৭:০০ ঘটিকা পর্যন্ত
০২।	জনাব মো. উদ্দীপ্ত শাহীন পরাগ	২০১২০০১৭	প্রিন্সিপাল অফিসার	
০৩।	জনাব মো. শওকত হোসেন	১৯৯০০০২৬	প্রিন্সিপাল অফিসার	
০৪।	জনাব মো. রনি ফকির	২০১২০০৫৫	সিনিয়র অফিসার	
০৫।	জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম	২০০৮০০৫১	অফিসার	
০৬।	জনাব আমিনুর রহমান সোহাগ	২০১০০০০৩	অফিসার	
০৭।	জনাব মো. খালেদুর রহমান খালেদ	২০১৩০০২৭	সুপারভাইজার	

০৩। উপরিউক্ত কোর্সে অংশগ্রহণের নিমিত্ত উল্লিখিত কর্মচারীগণের অংশগ্রহণ ফি বাবদ অনুমোদিত ৬৬,৫০০.০০ টাকা হতে ১০ শতাংশ হারে উৎসে কর বাবদ ৬,৬৫০.০০ টাকা ও রেভিনিউ স্ট্যাম্প বাবদ ১০.০০ টাকা কর্তনপূর্বক অবশিষ্ট ৫৯,৮৪০.০০ (উনষাট হাজার আটশত চল্লিশ) টাকার ০১টি ক্রেসড চেক (চেক নং-সিকে ৩২৬২১০৭, তারিখ: ১২.১২.২০১৯) Yoga Foundation এর অনুকূলে আইএফআইসি ব্যাংক লি. মতিঝিল শাখার উপর ইস্যুকৃত এক্সসঙ্গে প্রেরণ করা হলো।

০৪। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(রুখসানা ইয়াসমিন)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি: (মনোনীত কর্মচারীগণকে উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য ১৩ ডিসেম্বর, তারিখ সকাল ৮:১৫ ঘটিকার মধ্যে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি), কাকরাইল, ঢাকা-এ রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)।

০১। জনাব

০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি অ্যাসেস্ট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড, প্রধান কার্যালয়, কাকরাইল, ঢাকা।

০৩। সহকারী মহাব্যবস্থাপক, ইইএফ অডিট এন্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সহকারী মহাব্যবস্থাপক, ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। সহকারী মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। সহকারী মহাব্যবস্থাপক, শেয়ারস ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। সহকারী মহাব্যবস্থাপক, ফান্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৮। সহকারী মহাব্যবস্থাপক, ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৯। অফিস কপি।

(স্বাক্ষর) ১২-১২

সহকারী মহাব্যবস্থাপক

মতাম্বরিত
১০/১২/২০১৯
স্বাক্ষরিত
১২/১২/২০১৯
স্বাক্ষরিত
১২/১২/২০১৯
স্বাক্ষরিত
১২/১২/২০১৯



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ০৩ আশ্বিন, ১৪২৬
 ১৮ সেপ্টেম্বর, ২০১৯


অফিস আদেশ নং-১১০/২০১৯

আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ, বৃহস্পতিবার, বিকাল ০৫:০০ ঘটিকা থেকে বিকাল ০৬:০০ ঘটিকা পর্যন্ত শূদ্ধাচার চর্চা ও মানসিক চাপ উপশম শীর্ষক কর্মশালা আইএসটিসিএল ট্রেডিং রুম, বিডিবিএল ভবন (লেভেল- ১৫), ৮ রাজউক এডিনিউ, ঢাকা- ১০০০-এ অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় কর্পোরেশনের প্রধান কার্যালয়, স্থানীয় কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের সকল উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার/অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট/উপ-প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে মনোনীত করা হয়েছে। এছাড়া, উক্ত কর্মশালায় আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি কর্মচারী ইউনিয়ন, বঙ্গবন্ধু পরিষদ (আইসিবি শাখা) ও স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ (আইসিবি প্রাতিষ্ঠানিক ইউনিট) এর সভাপতি ও সাধারণ সম্পাদক-কে মনোনীত করা হয়েছে।

০২। কর্মশালায় আমন্ত্রিত অতিথি হিসেবে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, মহাব্যবস্থাপক মহোদয়গণ এবং সাবসিডিয়ারি কোম্পানিসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০৩। প্রশিক্ষণ কেন্দ্রের উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ জাকির হোসেন খান কর্মশালার সার্বিক দায়িত্ব এবং সহকারী মহাব্যবস্থাপক জনাব মল্লিক রওশন আলম সমন্বয়ক-এর দায়িত্ব পালন করবেন। তাছাড়া, সহকারী সমন্বয়ক হিসেবে প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ ইসমাইল হোসেন ও অফিসার জনাব মোঃ শাহীন দায়িত্ব পালন করবেন। মনোনীত কর্মচারীগণ-কে কর্মশালা শুরু হওয়ার ১৫ (পনের) মিনিট পূর্বে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


 (মো. তালেব হোসেন)
 উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব/মিজ/মিসেস
০২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সত্যায়িত
 ১৪/০৯/২০১৯
 শহিদুল ইসলাম
 ডিপার্টমেন্ট অফিসার
 আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**প্রধান কার্যালয়, ঢাকা**
আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র

শিরোনাম : শুদ্ধাচার চর্চা ও মানসিক চাপ উপশম
 তারিখ : ১৯.০৯.২০১৯
 অংশগ্রহণকারী : উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক ও সমপর্যায়ের কর্মচারীগণ।
 ভেন্যু : আইএসটিসিএল ট্রেডিং হল, বিডিবিএল ভবন (লেভেল- ১৫), ৮ ডিআইটি এভিনিউ, ঢাকা-১০০০।

উদ্দেশ্য : কর্মশালাটি নিম্নোক্ত উদ্দেশ্য অর্জনে সহায়ক হবে বলে আশা করা যায় :

- কর্মক্ষেত্রে শুদ্ধাচার অনুশীলন তথা সৌজন্যতা, সদাচরণ, নৈতিকতা, শিষ্টাচার, আন্তরিকতা ও জবাবদিহিতা সম্পর্কে ধারণা লাভ;

ক্রাশ সময়সূচি

দিন ও তারিখ	সময়	বিষয়বস্তু	প্রশিক্ষক
১৯.০৯.২০১৯ বৃহস্পতিবার	০৫:০০-০৬:০০	শুদ্ধাচার চর্চা ও মানসিক চাপ উপশম	প্রতিনিধি কোয়ান্টাম ফাউন্ডেশন

**সত্যায়িত**

১৯/০৯/২০২০

শহিদুল ইসলাম
 প্রিন্সিপাল অফিসার
 আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সংস্করণ - ১১

তারিখঃ ১৬ অগ্রহায়ণ, ১৪২৬
০১ ডিসেম্বর, ২০১৯

অফিস আদেশ নং-১৪৭/২০১৯

আগামী ০২ ডিসেম্বর ২০১৯ তারিখ বেলা ০১:১৫ ঘটিকা থেকে সন্ধ্যা ০৬:০০ ঘটিকা পর্যন্ত দুর্নীতির কারণ ও প্রতিকার শীর্ষক কর্মশালা আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র, কাশফিয়া প্রাজা (২য় তলা), ৩৫/সি, নয়াপল্টন, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় কর্পোরেশনের নিম্নোক্ত কর্মচারীগণকে মনোনীত করা হয়েছে:

ক্রম.	নাম	আইডি নং	পদবি	কর্মস্থল
১.	মিসেস তানজিনা চৌধুরী	১৯৮৫০০১৪	উপ-মহাব্যবস্থাপক	ডিপোজিটরি ডিভিশন
২.	মিসেস নাসমিন আনোয়ার	১৯৮৭০০২৪	ঐ	আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
৩.	জনাব মো. নজরুল ইসলাম	১৯৮৭০০১৭	ঐ	পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিভিশন
৪.	জনাব গাজী মোস্তফা হক	১৯৮৮০০০২	ঐ	ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন
৫.	জনাব আবু তাহের মো. আহমেদুর রহমান	১৯৮৯০০১৭	ঐ	ইইএফ ইমপ্লিমেন্টেশন এন্ড রিকভারি ডিভিশন
৬.	জনাব প্রভাস রঞ্জন রায়	১৯৮৭০০১৯	ঐ	ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
৭.	মিজ শুকলা দাশ	১৯৮৯০০১৮	ঐ	ইইএফ অ্যাপ্রাইজাল ডিভিশন
৮.	জনাব মোহাম্মদ জাকের হোসেন	১৯৮৯০০৪২	ঐ	অ্যাকাউন্টস্ ডিভিশন
৯.	জনাব মুহম্মদ রফিকুল ইসলাম	১৯৮৭০০১৩	ঐ	সাবসিডিয়ারি অ্যাফেয়ার্স ডিভিশন
১০.	জনাব মো. রফিক উল্লাহ	১৯৮৭০০২০	ঐ	সেক্রেটারিজ ডিভিশন
১১.	জনাব মো. আমজাদ হোসেন কিবরিয়া	১৯৮৯০০২০	ঐ	ট্রাস্টি ডিভিশন
১২.	জনাব অসিত কুমার চক্রবর্তী	১৯৮৯০০৪৩	ঐ	ক্রেডিট ডিভিশন
১৩.	জনাব মো. মফিজুর রহমান	২০০৪০০৩১	সিস্টেম ম্যানেজার	সফটওয়্যার ডিভিশন
১৪.	জনাব হেলাল উদ্দিন আহম্মদ	১৯৯০০০০৭	উপ-মহাব্যবস্থাপক	ইন্স্ট্রুমেন্ট ডিভিশন
১৫.	জনাব রাজী উদ্দিন আহমেদ	১৯৯০০০০৫	ঐ	ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন
১৬.	জনাব নুরুজ্জামান খান	১৯৮৯০০৩০	ঐ	মার্চেন্টাইজিং ডিভিশন
১৭.	জনাব মুজিবুর রহমান খান	১৯৮৯০০৩১	ঐ	ফাইন্যান্স ডিভিশন
১৮.	জনাব মো. গোলাম রক্বানী	১৯৮৯০০২৬	ঐ	আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
১৯.	জনাব এ.এস.এম. হায়দারুজ্জামান	১৯৯০০০০৩	ঐ	বিশেষ তহবিল ব্যবস্থাপনা ইউনিট
২০.	জনাব মো. তালেব হোসেন	১৯৯০০০০৬	ঐ	অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
২১.	জনাব মো. হাবীব উল্লাহ	১৯৯৯০০০১	সিস্টেম ম্যানেজার	ইইএফ আইসিটি ডিভিশন
২২.	মিসেস মাজেদা খাতুন	১৯৯৫০০৩১	উপ-মহাব্যবস্থাপক	প্লানিং এন্ড রিসার্চ ডিভিশন
২৩.	মিসেস মাহমুদা আক্তার	১৯৯৫০০০৯	ঐ	মিউচুয়াল ফান্ডস্ ডিভিশন
২৪.	জনাব মো. আনোয়ার শামীম	১৯৯৫০০১২	ঐ	আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র ও পাবলিক রিলেশনস্ ডিপার্টমেন্ট (অতিরিক্ত দায়িত্ব)
২৫.	জনাব মো. হামিদুল ইসলাম	১৯৮৯০০২৫	ঐ	লিজিং ডিভিশন
২৬.	জনাব মো. সাইদুল ইসলাম	১৯৮৯০০২৮	ঐ	আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
২৭.	জনাব মো. জাহাঙ্গীর আলম	১৯৯০০০০৯	ঐ	ইইএফ লিগ্যাল অ্যাফেয়ার্স ডিভিশন
২৮.	জনাব মো. শফিউল আলম	১৯৮৯০০২৩	সহকারী মহাব্যবস্থাপক	আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
২৯.	জনাব বাবুল চন্দ্র দেবনাথ	১৯৯৫০০২৫	ঐ	আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
৩০.	মিসেস নুরজাহান বেগম	১৯৮৯০০১৫	ঐ	সাবসিডিয়ারি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-১
৩১.	জনাব মো. গোলাম মোস্তফা	১৯৯০০০০৮	ঐ	আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড


সত্যায়িত
০২/১২/১৯

শহিদুল হক
প্রিন্সিপাল অফিসার
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট

পাতা- ০২

০২। প্রশিক্ষণ কেন্দ্রের উপ-মহাব্যবস্থাপক জনাব মোঃ জাকির হোসেন খান প্রশিক্ষণের সার্বিক দায়িত্ব এবং সহকারী মহাব্যবস্থাপক জনাব মল্লিক রওশন আলম সমন্বয়ক -এর দায়িত্ব পালন করবেন। তাছাড়া, সহকারী সমন্বয়ক হিসেবে প্রিন্সিপাল অফিসার জনাব মো. ইসমাইল হোসেন এবং সিনিয়র অফিসার জনাব সাইফুল ইসলাম দায়িত্ব পালন করবেন। মনোনীত কর্মচারীগণ-কে প্রশিক্ষণ শুরু হওয়ার ১৫ (পনের) মিনিট পূর্বে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০১/১২/১৯
(মোঃ-তালেব হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব/মিসেস/মিজ
০২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সত্যায়িত
০১/১২/১৯
সহকারী উপ-মহাব্যবস্থাপক
প্রিন্সিপাল অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা
আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র

কর্মশালা : দুর্নীতির কারণ ও প্রতিকার
সময়কাল : ০২ ডিসেম্বর, ২০১৯
অংশগ্রহণকারী : উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক ও সমপদমর্যাদার কর্মচারীগণ
আলোচক : অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব।

উদ্দেশ্যসমূহ : কর্মশালাটি নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ অর্জনে সহায়ক হবে বলে আশা করা যায়-

- ক. কর্মক্ষেত্রে দুর্নীতির কারণ উদঘাটন ও প্রতিকার সম্পর্কে ধারণা লাভ;
খ. কর্মক্ষেত্রে শুদ্ধাচার অনুশীলন তথা সৌজন্যতা, সদাচরণ, নৈতিকতা, শিষ্টাচার, আন্তরিকতা ও জবাবদিহিতা সম্পর্কে ধারণা লাভ।

ক্রাশ সময়সূচি

দিন ও তারিখ	সময়	আলোচ্যসূচি	প্রশিক্ষক
০২ ডিসেম্বর, ২০১৯ সোমবার	০১:১৫-০২:১৫	রেজিস্ট্রেশন, নামাজ ও মধ্যাহ্নভোজন	
	০২:১৫-০৩:৪৫	<ul style="list-style-type: none"> দুর্নীতির কারণ ও প্রতিকার সম্পর্কিত আলোচনা। 	জনাব মৃত্যুঞ্জয় সাহা উপসচিব আর্থিক প্রতিষ্ঠান বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
	০৩:৪৫-০৪:০০	চা বিরতি	
	০৪:০০-০৫:৩০	<ul style="list-style-type: none"> দুর্নীতি রোধে শুদ্ধাচার চর্চা। 	জনাব মৃত্যুঞ্জয় সাহা উপসচিব আর্থিক প্রতিষ্ঠান বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সত্যায়িত
Amr
০৫/১২/২০১৯
শহিদুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সংখ্যা - ২২



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ০৯ পৌষ, ১৪২৬
২৪ ডিসেম্বর, ২০১৯


নোটিশ

আদিষ্ট হয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর শাখা কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদানের নিমিত্তে মহাব্যবস্থাপক (অ্যাডমিন, অতিরিক্ত দায়িত্ব) মহোদয় এর সভাপতিত্বে প্রধান কার্যালয়ের কমিটি কক্ষে ২৬ ডিসেম্বর, ২০১৯ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় একটি ফিডব্যাক সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সরাসরি এবং শাখাসমূহের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/সংশ্লিষ্ট কর্মচারীবৃন্দকে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

০৩। সভার আলোচ্যসূচিঃ

- (ক) কর্পোরেশনের শাখা কার্যালয়সমূহ কর্তৃক গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০১৯) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা; এবং
- (খ) বিবিধ।


 (মো: তাহেব হোসেন)
 উপ- মহাব্যবস্থাপক
 অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
 ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিবি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাব্যবস্থাপক (অ্যাডমিন), আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। মহাব্যবস্থাপক (ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি), আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। শাখা প্রধান, আইসিবি শাখাসমূহ।
- ০৪। উপ- মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সহকারী মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট- ১, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।।
- ০৫। সহকারী মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট- ২, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।।
- ০৬। অফিস কপি।

অনুলিপি:

- ০১। সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। সহকারী মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সত্যায়িত
 ২৪/১২/১৯
 শহিদুল ইসলাম
 প্রকিউরমেন্ট অফিসার
 আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।